পশ্চিমবঙ্গ সরকার
মহকুমা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের করণ,
দিনহাটা, কোচবিহার, পশ্চিমবঙ্গ।
দূরভাষ: ০৩৫৮১-২৫৫৩৬০

নোটিশ সংখ্যা: ০১ তাং: ০৫.০৮.২০২১.

জলকর বন্দোবস্তের দরপত্র আহ্বানের বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র মহকুমার সমস্ত মৎস্যজীবি সমবায় সমিতি/মৎস্য উৎপাদন গোষ্ঠীর/স্বয়ম্ভর গোষ্ঠীকে জানানো যাচ্ছে যে, ১৯৯১ সালের পশ্চিমবঙ্গ-এর ভূমি ও ভূমি সংস্কার নির্দেশিকার ১৭ নং পরিচ্ছেদের ২৭২ নং বিধি এবং জেলা শাসক, কোচবিহার নির্দেশানুসারে অত্র মহকুমার দিনহাটা-২ ব্লকের ১৩টি জলকরের (অত্র বিজ্ঞপ্তির 'ক' তপশীলে বর্নিত) জন্য বাংলা ১৪২৮ সনের ১লা বৈশাখ হইতে, ২০ একর পর্যন্ত জলকরগুলি ৫(পাঁচ) বছরের জন্য এবং ২০ একরের উর্দ্ধে জলকরগুলি ৭(সাত) বছরের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে মেয়াদী বন্দোবস্ত দেওয়ার জন্য দরপত্র আহ্বান করা হচ্ছে।বন্দোবস্ত গ্রহণে ইচ্ছুক মৎস্যজীবি সমবায় সমিতি/ মৎস্য উৎপাদনকারী গ্রুপ/স্বয়ম্ভর গোষ্ঠীর নিকট থেকে ১০ টাকা কোর্ট ফি সংযুক্ত দরখাস্ত গালা ও সীলকরা মুখবন্ধ খামে প্রত্যেক জলকরের জন্য পৃথক পৃথক দরপত্র আহ্বান করা হচ্ছে। দরপত্র এবং অন্যান্য কাগজপত্রগুলি অত্র করণে সীলকরা বাক্সে জমা দিতে হবে।

শর্তাবলী :

০১। দরপত্র দাখিলকারী সমবায় সমিতির/গোষ্ঠীর সম্পাদকের স্বাক্ষর ও সমিতির/গোষ্ঠীর সিলমোহর লাগাতে হবে ও রেজিস্ট্রেশন নম্বর উল্লেখ করতে হবে ।সমিতির/গোষ্ঠীর নাম ও ঠিকানা স্পষ্ট ও সম্পূর্ণভাবে লিখতে হবে ।

০২। দরপত্রের সঙ্গে সমিতির/গোষ্ঠীর রেজিস্ট্রেশনের সংশাপত্রের অনুলিপি প্রদান করতে হবে।

০৩। গ্রুপ/স্বয়ম্ভর গোষ্ঠীর ক্ষেত্রে আবেদনকারীকে প্রদত্ত সমিতির/গোষ্ঠীর ক্ষেত্রে এফ.ই.ও দ্বারা প্রদত্ত শংসাপত্র বি.ডি.ও দ্বারা প্রত্যয়িত করতে হবে।

০৪। খামের উপর আবেদনকারীর সিলমোহর লাগাতে হবে ও কোন জলকরের জন্য দরপত্র দেওয়া হচ্ছে তার উল্লেখ করতে হবে ।

Cont.....Page

০৫। দরপত্র আহ্বানকার্য্যে অংশগ্রহনকারী সমবায় সমিতির/গোষ্ঠীর প্রতিনিধিকে মীনাধারের পাশে উল্লিখিত নূন্যতম ধার্য্যমূল্যের এক দশমাংশ (১০%) পরিমান অর্থ আর্নেস্ট মানি হিসাবে Bank Draft মারফৎ SDL & L &LRO, DINHATA এর নামে জমা দিয়ে Sealed bid এ অংশ গ্রহন করতে হবে এবং সর্ব্বোচ্চ ডাকধারী যাকে বন্দোবস্ত দেওয়া হবে তিনি ব্যতীত অন্যান্য সকল অংশ গ্রহণকারীর জমাকৃত অর্থ ফেরৎ প্রদান করা হবে।

০৬। দরপত্র এবং শংসাপত্র দুটি আলাদা মুখবন্ধ খামে ভরে একটি বড় খামে জমা করতে হবে। প্রতিটি খামে আবেদনকারীর সীলমোহর এবং কোন জলকরের জন্য দরপত্র তাহা উল্লেখ করতে হবে এবং কোনটি দরপত্র, কোনটি শংসাপত্র তাহা পরিস্কার ভাবে খামের উপর উল্লেখ করতে হবে।

০৭। দরপত্রে দরের পরিমাণ অঙ্কে ও কথায় উল্লেখ করতে হবে।

০৮। দুই বা ততোধিক সমিতি/গোষ্ঠীর যুক্ত নামে নীলামে অংশ গ্রহণ করতে পারবেন না।

০৯। দরপত্র আগামী ইং ১৬.০৮.২০২১ তাং থেকে ০৬.০৯.২০২১ বেলা ১০ টা থেকে বেলা ৫.৩০ টা পর্যন্ত প্রতি কাজের দিন গ্রহণ করা হবে ।

১০। দরপত্র গ্রহণের **স্থান :** মহকুমা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের করণ, দিনহাটা, কোচবিহার।

১১। ইং ০৮.০৯.২০২১ ইং তাং বেলা ১২ টার সময় মহকুমা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের করণ, দিনহাটা, কোচবিহার এ উপস্থিত দরপত্র প্রদানকারীদের সম্মুখে খোলা হবে ও দরপত্রগুলি বিবেচনা হবে।

১২। যে সকল দরপত্র গ্রহণযোগ্য বলে গণ্য হবে সেটি গ্রহণ করা সর্বদায় যথাযথ উর্দ্ধতন কর্তৃপক্ষের মঞ্জুরী ও অনুমোদন সাপেক্ষ।

১৩। দরপত্র অনুযায়ী নিরুপিত সর্ব্বোচ্চ দর বা প্রস্তাবিত ন্যুনতম দর-এর কমপক্ষে ২৫% ধার্যের দিনই ডাক কর্তার নিকট এককালীন নগদে জমা দিতে হবে। বাকি অর্থ পরবর্তী ৯০(নব্বই) দিনের মধ্যে নগদে জমা দিতে হবে। না জমা দিতে পারলে সেই দরপত্রটি বাতিল হবে এবং আর্নেস্ট মানি সহ আগেকার জমা দেওয়া অর্থ বাজেয়াপ্ত করা হবে।

১৪। এরুপভাবে বাতিলীকৃত দরপত্র প্রদানকারী পুনরায় দরপত্র প্রদান করতে পারবেন না। এছাড়া প্রথম দরপত্র বাতিল করে দ্বিতীয় দরপত্র আহ্বান করার ক্ষেত্রে দর যদি প্রথম দরপত্রের দর অপেক্ষা কম হয়, সেক্ষেত্রে যে পরিমাণ টাকা কম হবে, তা বাতিলীকৃত

Cont.....Page

দরপত্র প্রদানকারী আদায় দিতে বাধ্য থাকবেন। আপোষে আদায় না দিলে প:ব: পি. ডি. আর অ্যাক্ট মূলে আদায়যোগ্য হবে।

১৫। কালো তালিকাভুক্ত সমিতি/গোষ্ঠীর অথবা যে সমস্ত সমিতি/গোষ্ঠীর দরপত্র গ্রহণ উর্দ্ধতন কতৃপক্ষের দ্বারা সাময়িকভাবে নিষিদ্ধ হয়েছে, অথবা যে সমস্ত সমিতি/গোষ্ঠীর পূর্বেই দেয় রাজস্ব দরপত্র গ্রহণের তারিখ পর্যন্ত পরিশোধ হয়নি, তারা দরপত্র দাখিল করতে পারবেন না বা দাখিল করলেও তা গ্রাহ্য হবে না।

১৬। বন্দোবস্ত নেওয়ার ৩০(ত্রিশ) দিনের মধ্যে প্রয়োজনীয় চুক্তিপত্র সম্পাদন ও ইজারাদারদের নিজ খরচে ঐ চুক্তিপত্র রেজিস্ট্রী করতে হবে। চুক্তিপত্র সম্পাদন না করলেও সরকারের অনুমোদিত চুক্তিপত্রের প্রতিটি ধারা ইজারাদারদের উপর বর্তাবে ও প্রযোজ্য হবে এবং প্রয়োজনবোধে কর্তৃপক্ষ এই বন্দোবস্ত বাতিল করতে পারবেন।

১৭। সর্ব্বোচ্চ দর আশানুরুপ না হলে নিম্ন স্বাক্ষরকারী পুনরায় দরপত্র আহ্বান করতে পারবেন।

১৮। সংরক্ষিত মূল্য সংলগ্নপত্রে উল্লেখিত প্রতিটি জলকরের পাশে উল্লেখ করা হল।

১৯। বন্দোবস্ত গ্রহণকারীরা চুক্তিপত্রের শর্তাবলী ও ইজারাকালের মধ্যে নূতন কোন শর্ত আরোপিত হলে তাও মেনে চলতে বাধ্য থাকবেন।

২০। নিরূপিত সর্ব্বোচ্চ দর যা সকল ইজারাদারকে প্রথম বছরের জন্য দিতে হবে তা পরবর্তী বছরগুলিতে পূর্বের বছরের তুলনায় ৫% (পাঁচ) শতাংশ হারে বর্ধিত হবে।

২১। সমস্ত মৎস্যজীবি সমবায় সমিতির কর্তৃপক্ষগণকে মীনাধার বিষয়ক জলকর বন্দোবস্ত সম্পর্কিত সমস্ত আইন ও পরিচালিত বিধি-নিষেধ মেনে চলতে হবে।

২২। কোন কারণ না দর্শিয়েই নিম্ন স্বাক্ষরকারী ও উর্দ্ধতন কর্তৃপক্ষের দরপত্রে গ্রহন,বর্জন, পরিবর্তন, পরিবর্ধন ও পরিবর্জন করার অধিকার থাকবে।

Sub-Divisional Land & Land Reforms Officer
Dinhata, Cooch Behar

মহকুমা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক
দিনহাটা, কোচবিহার

Government of West Bengal
OFFICE OF THE SUB-DIVISIONAL LAND & LAND REFORMS OFFICER, DINHATA, COOCH BEHAR
মহকুমা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকর করণ, দিনহাটা, কোচবিহার,
Madan Mohan Para, P.O.: Dinhata, Dist.: Cooch Behar, Pin: 736135, West Bengal
Phone : (03581) 255360 # Fax (03581) 255360 # e-mail : sdllro.dia@gmail.com

Tender is invited for the following water bodies

তপশীল-'ক'

Sl No.	Name of the Sub-Division	Name of the Block	Name of the water body with ST No.	Effective area (in acres)	Reserve price for 1428 BS, (Rs).	Year of lease (in BS)
1	Dinhata	Dinhata-II	Madarerkura & Gobra Chhara Beel, 22	3.6	20403	1428-1432
2	Dinhata	Dinhata-II	Nilkumar Nadi,29	16.12	39891	1428-1432
3	Dinhata	Dinhata-II	Langulia Nadi & Pushkarani, 27	19.8	50656	1428-1432
4.	Dinhata	Dinhata-II	Kalir Chhara & Paranerchhara Beel,30	16.8	46201	1428-1432
5.	Dinhata	Dinhata-II	Abhisari Nadi,33	14.4	43930	1428-1432
6.	Dinhata	Dinhata-II	Kursha Bill/Bara Bangdakir Beel, 38	8.2	49530	1428-1432
7.	Dinhata	Dinhata-II	Chaiter Chhara Beel & Jhawkuthir Beel, 41	14.9	75983	1428-1432
8.	Dinhata	Dinhata-II	Kachuani Beel & Khutamara Nadi, 53	16.13	39891	1428-1432
9.	Dinhata	Dinhata-II	Madhupur & Khutamara Nadi, 59	12.9	65852	1428-1432
10.	Dinhata	Dinhata-II	Pitalikura, Mansai,Prakash Rakhalmari Nadi,62	2.32	19699	1428-1432
11.	Dinhata	Dinhata-II	Sahebganj Nadi, 65	7.53	47841	1428-1432
12.	Dinhata	Dinhata-II	Krishnakura Kalighati Beel,66	7.65	48404	1428-1432
13.	Dinhata	Dinhata-II	Telanirdoba, 68	1.5	23625	1428-1432

Sub-Divisional Land & Land Reforms Officer,
Dinhata, Cooch Behar.